

# Powering Sydney's Future

POTTS HILL থেকে ALEXANDRIA পর্যন্ত ট্রান্সমিশন ক্যাবলপ্রকল্প

কাজ যখন শেষের দিকে, এই নিউজ লেটারের উদ্দেশ্য হল আপনাকে নতুন ভূগর্ভস্থ ক্যাবল স্থাপনের বিষয়ে সাম্প্রতিকতম তথ্য দেয়া যা সিডনির সিবিডি ও আশেপাশের এলাকায় নিরাপদ ও নির্ভরযোগ্য বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করে আমাদেরকে সাহায্য করবে।

TransGrid এর Powering Sydney's Future প্রকল্প Potts Hill এবং Alexandria এর মধ্যে একটি নতুন ভূগর্ভস্থ ৩৩০কেভি শক্তি সম্পন্ন বিদ্যুৎ লাইন সরবরাহ করবে, সেই সাথে নগরীর ভবিষ্যৎ বিদ্যুৎ চাহিদা নিশ্চিত করে তিনটি সাবস্টেশনের আধুনিকায়ন করা হবে।

## নির্মাণ সংক্রান্ত সাম্প্রতিকতম তথ্য

NSW সরকারের COVID-19 সংক্রান্ত জনস্বাস্থ্য নির্দেশ মেনে চলার কারণে জুলাই এর মাঝামাঝি থেকে আগস্ট ২০২১ এর শুরু পর্যন্ত আমাদের নির্মাণ কাজ বন্ধ রাখতে হয়েছিল। আমাদের কর্মীরা কিছু এলাকার ক্যাবলরুটে আবার কাজ শুরু করেছে।

কমিউনিকেশন ক্যাবল(যেগুলো বিদ্যুৎ ক্যাবল মনিটর এবং নিয়ন্ত্রণ করার জন্য ব্যবহৃত হত), নতুন বিদ্যুৎ ক্যাবল পরীক্ষা করা, এবং ট্র্যাফিক অবকাঠামো আগের অবস্থায় ফিরিয়ে আনা সহ বাকি কাজগুলো সমাধা করার জন্য আমরা আমাদের COVID-19 সেফটি প্ল্যান অনুসারে কাজ করছি।

জনাকীর্ণ এলাকায় কাজ ২০২১ সালের শেষ নাগাদ চলবে বলে আশা করা যাচ্ছে। আমরা আশা করছি পুরো প্রকল্পটি ২০২২ সালের মাঝামাঝি সময়ে শেষ হবে যখন আমরা আমাদের সাবস্টেশনের কাজ শেষ করব এবং নতুন ক্যাবল চালু করব।

বাকি কাজের বেশিরভাগই চলবে আমাদের সাধারণ নির্মাণ সময়ে যেমন সোমবার থেকে শুক্রবার সকাল ৭ টা থেকে সন্ধ্যা ৬ টা এবং শনিবার সকাল ৮ টা থেকে দুপুর ১ টা পর্যন্ত, তবে ট্র্যাফিক কর্তৃপক্ষের আবশ্যিকতা অনুযায়ী স্থায়ীভাবে রাস্তা পুনরুদ্ধারের কিছু কিছু কাজ এই সময়ের বাইরে করা হতে পারে।



## রাস্তার উপরিভাগের পুনরুদ্ধার কাজ

যেহেতু রাস্তায় নির্মাণ কাজ শেষ হয়েছে, আমাদের কাজ দ্বারা ক্ষতিগ্রস্ত রাস্তার উপরিভাগ সাময়িকভাবে পুনরুদ্ধার করা হচ্ছে যাতে স্বাভাবিক যান চলাচল সম্ভব হয়। রাস্তার কংক্রিটের স্তর সহ আমরা কিছু রাস্তার স্থায়ী পুনরুদ্ধারের কাজ শুরু করেছি।

City of Canterbury Bankstown তাদের স্থানীয় সরকার এলাকায় স্থায়ীভাবে রাস্তার পুনরুদ্ধারের কাজ করবে, যার খরচ মেটাতে TransGrid। এই কাজটি COVID-19 এর বিধিনিষেধের কারণে বিলম্বিত হয়েছে কিন্তু যত তাড়াতাড়ি সম্ভব এটি শুরু হবে।

আমরা এখন Inner West Council এর সাথে তাদের এলাকায় অনুরূপ ব্যবস্থা নিয়ে কাজ করছি।

আমাদের সাথে  
যোগাযোগ  
করুন


কমিউনিটি ইনফরমেশন লাইনঃ 1800 955 588

Email: [psf@transgrid.com.au](mailto:psf@transgrid.com.au)

Web: [www.transgrid.com.au/psf](http://www.transgrid.com.au/psf)

ডাক ঠিকানাঃ PO Box A1000 Sydney South NSW 1235





## Bedwin Road ক্যাবল এবং সাইকেল ব্রিজ, St Peters

আমরা St Peters এ নতুন Bedwin Road ক্যাবল এবং সাইকেল ব্রিজের নির্মাণ কাজ শেষ করেছি। TransGrid এই ব্রিজটি Transport for NSW এবং Inner West কাউন্সিলের সাথে সম্মিলিতভাবে নির্মাণ করেছে। সাইকেলওয়ে 2021 সালের সেপ্টেম্বর থেকে সাইকেল আরোহীদের জন্য রেললাইনের একটি নির্দিষ্ট ক্রসিং প্রদান করবে।

### নির্মাণ প্রক্রিয়া

পরীক্ষা খননঃ

১০০% শেষ

ক্যাবল স্থাপন এবং সংযোগঃ

১০০% শেষ

রাস্তা এবং অন্যান্য এলাকার স্থায়ী পুনরুদ্ধারঃ

২০% শেষ

ব্রিজের কাজঃ

১০০% শেষ

আন্ডারবোরঃ

১০০% শেষ

সাবস্টেশনের আধুনিকায়নঃ

৭৫% শেষ

### COVID-19 সেফটি প্ল্যান

কমিউনিটির নিরাপত্তার স্বার্থে Powering Sydney's Future এর নির্মাণ কাজ NSW Health এর নিয়মকানুনগুলো অব্যাহতভাবে মেনে চলবে। আমরা যখন স্থানীয় এলাকায় ফিরে আসব তখন আমাদের টিম প্রকল্পের COVID-19 সেফটি প্ল্যান অনুসরণ করবে।

### আপনাকে অবগত রাখা

আপনার এলাকায় অবশিষ্ট কাজ শুরু বিষয়ে কমপক্ষে সাত দিন আগে আপনি বিজ্ঞপ্তি পেতে থাকবেন।

Canterbury Bankstown এলাকায় রাস্তার উপরিভাগ স্থায়ীভাবে পুনরুদ্ধারের জন্য আপনি আপনার এলাকায় কাজ শুরু হওয়ার কমপক্ষে ৪৮ ঘন্টা আগে City of Canterbury Bankstown বা এর ঠিকাদার থেকে একটি বিজ্ঞপ্তি পাবেন।

### আপনার প্রশ্ন বা উদ্বেগ

প্রকল্প সম্পর্কে আপনার কোন প্রশ্ন বা উদ্বেগ থাকলে আমরা আপনাকে আমাদের সাথে যোগাযোগ করতে উৎসাহিত করছি।

আমাদের সাথে যোগাযোগের জন্য দয়া করে নীচের তথ্য ব্যবহার করুন।

আপনার চলমান ধৈর্য এবং সহযোগিতার জন্য আমরা আপনাকে ধন্যবাদ জানাই কারণ আমরা আপনার স্থানীয় এলাকায় কাজ সম্পন্ন করেছি।

### আপনার কি দোভাষীর প্রয়োজন?



131 450

দোভাষীর জন্য দয়া করে 131 450 নম্বরে কল করে তাদেরকে 1800 955 588 নম্বরে TransGrid এর সাথে সংযোগ করে দিতে বলুন। তখন দোভাষী আপনাকে অনুবাদে সহায়তা করবেন।

আমাদের সাথে  
যোগাযোগ করুন

দয়া করে আমাদের ওয়েবসাইট [www.transgrid.com.au/psf](http://www.transgrid.com.au/psf) দেখুন অথবা Powering Sydney's Future এর প্রোজেক্ট টিমের সাথে যোগাযোগ করুনঃ টোল বিহীন ফোন নম্বরঃ 1800 955 588 ইমেইলঃ [psf@transgrid.com.au](mailto:psf@transgrid.com.au)